সংবাদ

তারিখ ... 30 AUG 2016 ...
পৃষ্ঠা ১১ ... কলাম ৬ ...

# দোহারে জয়পাড়া কলেজ জাতীয়করণের দাবিতে সংগ্রাম পরিষদ

**প্রতিনিধি, দোহার (ঢাকা)**

ঢাকার দোহার উপজেলার জয়পাড়া কলেজ ও বিশ্ববিদ্যালয়কে জাতীয়করণের দাবিতে কলেজছাত্র সংগ্রাম পরিষদ গঠন করা হয়েছে। জয়পাড়া কলেজ মিলনায়তনে এ কমিটি গঠন করা হয়েছে। উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজীব শরীফকে আহ্বায়ক ও কলেজ ছাত্রলীগের সভাপতি মোশারফ হোসেন শান্তসহ দ্বীন ইসলাম, আওলাদ হোসেন রিয়াদ ও কামরুল ইসলামকে সমন্বয়কারী করে মোট ৫০ সদস্য বিশিষ্ট এক কমিটি করে ছাত্র সংগ্রাম পরিষদ গঠন করা হয়েছে। এ কমিটির গঠনের মধ্য দিয়ে জয়পাড়া কলেজ ও বিশ্ববিদ্যালয়কে জাতীয়করণের লক্ষ্যে প্রতিষ্ঠানের সব আন্দেলন সংগ্রাম পরিচালনা করা হবে। এসময় বক্তারা বলেন, যতক্ষন পর্যন্ত দেহে প্রাণ থাকবে ততোক্ষণ এ আন্দোলন অব্যাহত থাকবে। কোন অপশক্তি আমাদের যৌক্তিক দাবিকে নসাৎ করতে পারবে না। এসময় উপস্থিত ছিলেন আওয়ামী লীগের কেন্দ্রীয় উপ-কমিটির সহ-সম্পাদক সুরুজ আলম সুরুজ প্রমুখ।